

মনের সুতো

মাহমুদা রন্নু

স্বচ্ছ আকাশ শিউলি সকাল
বিপ্লিত ভুল ভ্রান্তিবিলাস,
এক সুরেতেই কাল গুনে যায়
ক্লান্ত জীবন, বন্দিনিবাস ।

মন ধরে চল মনের সুতো
গেথে গেথে শিউলিমালা,
আপন মাঝে জ্বলতে রবেই
প্রীতি-আকাশে উজল তারা ।

আশার ঘরে আধার মানিক
দীপ জ্বলে না, সলতে ফুরোয়;
শিউলি ফুলের স্বপ্ন কালীন
শ্বেত পরাগে বাসন্তিকায় হৃদয় জুড়োয় ।

নিত্য দিনে বৃত্তাকারে
বিশেষ বিষয় বিভেদ মানি,
কোথায় শুরু কোথায়-ই বা শেষ
অদৃশ্যতায় সনাতনি আচার মানি ।

মন ধরে চল মনের সুতো
গেথে গেথে শিউলিমালা ।
এই জীবনের জনম মাঝেই
সত্য রবে আত্মপ্রেমের অবাধ ধারা ।

তুমি যেথায় আমিও হেথায়
আমরা সবাই যথায় তথায়,
শেকড় ছেড়ে ভাসছি কালের
প্রবাহমান প্রবল ধাঁধায় ।

ঠিক যেন ওই ঘাসের বুকে ছোট শিশির,
পদ্মপাতার বুকের মাঝে
নীলোৎপলের উজল প্রকাশ,
ক্ষণিক আভাস ক্ষণবিলাস নিত্যসাজে ।

নিবিড় নীরব ভাবের ভুবন
পথের বিপুল ব্যাকুল আবেগ,
তুমি আমি নিছক ক্ষণিক পথিক প্রবর
চলন্ত এক অধীর যাত্রী ক্লান্ত বিবেক ।

মন ধরে চল মনের সুতো
গেথে গেথে শিউলিমালা ।
চলতি বেগের অন্ত পথে
পেতেই হবে অনন্তপ্রেম অপার মায়া ।

দিনবদলের যাত্রী নানা
চলছি বেগে এদিক ওদিক;
কেউ শুনে কয় অন্ধ বধির
হারাসনে পথ দিগ্বিদিক ।

মন ধরে চল মনের সুতো
গেথে গেথে শিউলিমালা,
বদলে যাবে দিনের কাহন
মানব প্রেমের অনঢ় বাহন ।
প্রান্ত থেকে প্রান্তবধী
সত্য সরব, বিশ্বাসের বরনডালা ।

২৭ সেপ্টেম্বর ২০০৯